

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ০৫/২০১৬

তারিখঃ ১৯/০১/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

০৬ মাঘ, ১৪২২ বাংলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কাস্টম হাউস, চট্টগ্রাম এর আদেশ নং-১৬১, তারিখ-১৭/০১/২০১৬খ্রিঃ সকল সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ

আদেশ নং- ১৬১

তারিখ : ১৭/০১/২০১৬

বিষয় : বিল অব ইমপোর্ট (IM-4) এর রাজস্ব প্রি-পেইড এ্যাকাউন্ট কারেন্টে জমাকৃত অর্থের বিপরীতে সমন্বয়করণ প্রসঙ্গে।

গত ০১-১০-২০১৩ খ্রিঃ তারিখ হতে আমদানি শুল্কায়ন শাখাসমূহের শুল্কায়ন কার্যক্রম এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের আওতায় পরিচালিত হচ্ছে। পণ্যের শুল্কায়নে জাল-জালিয়াতি প্রতিরোধ, দ্রুত খালাস এবং আমদানি বাণিজ্যে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিল অব এন্ট্রির বিপরীতে প্রযোজ্য রাজস্ব সিএন্ডএফ এজেন্ট কর্তৃক এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের আওতায় সংরক্ষিত প্রি-পেইড এ্যাকাউন্টের বিপরীতে নিম্নবর্ণিত পদ্ধতিতে পরিচালিত হবেঃ

- সিএন্ডএফ এজেন্টগণ তাদের Agent's Identification Number (AIN) এর বিপরীতে সোনালী ব্যাংকে এ্যাকাউন্ট কারেন্ট খুলবেন;
- উক্ত এ্যাকাউন্ট কারেন্ট হতে কমিশনারের অনুমোদন ব্যতিরেকে কোন অর্থ উত্তোলন করার যাবে না এবং বর্ণিত এ্যাকাউন্টের বিপরীতে কোন চেক বই/এটিএম কার্ড/ডেবিট কার্ড ইস্যু করা যাবে না;
- প্রতিটি এ্যাকাউন্ট হোল্ডার বর্ণিত এ্যাকাউন্টে সর্বোচ্চ শুধুমাত্র IM-4 বি/ই এর বিপরীতে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত শুল্ককরাদি শুল্কায়নের সময়ে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে পরিশোধ করতে পারবেন;
- সোনালী ব্যাংকের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিবার ব্যাংক এ্যাকাউন্টে জমাকৃত টাকার পরিমাণ সোনালী ব্যাংকের নির্ধারিত সিস্টেমে/লেজারে এন্ট্রির পাশাপাশি এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের নির্ধারিত প্রি-পেইড এ্যাকাউন্ট মডিউলে এন্ট্রি করবেন;
- বিল অব এন্ট্রি শুল্কায়নের পর এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের এ্যাকাউন্টিং মডিউল হতে স্বয়ংক্রিয়ভাবে প্রযোজ্য শুল্ক করার সমপরিমাণ টাকা ডেবিট হতে থাকবে। এ্যাকাউন্টে পর্যাপ্ত ব্যালেন্স না থাকলে স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট AIN ধারী সিএন্ডএফ এজেন্ট কর্তৃক দাখিলকৃত বিল অব এন্ট্রির শুল্কায়ন কার্যক্রম করতে পারবেন না। তবে পর্যাপ্ত টাকা জমা দিয়ে পুনরায় শুল্কায়ন কার্যক্রম করতে পারবেন;
- প্রতিটি কর্মদিবস শেষে এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের সংশ্লিষ্ট মডিউল হতে সোনালী ব্যাংকের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ্যাকাউন্ট কারেন্টের ব্যালেন্স বিবরণী জানতে পারবেন; এবং
- উল্লেখ্য, IM-4 বি/ই এর ক্ষেত্রে এ ব্যবস্থা প্রারম্ভিক পর্যায়ে বাধ্যতামূলকভাবে বিবেচ্য হবে না।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(হোসেন আহমদ)

কমিশনার অব কাস্টমস্

কাস্টম হাউস, চট্টগ্রাম।

ফোন নং-০৩১-৭১৩৯১৮

নথি নং- এস-৪/১১২/প্রশাসন/Asycuda World/১২-১৩/(অংশ-২)/৯৮৫()কাস

তারিখ : ১৭/০১/২০১৬